

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
টোল ও এক্সেল শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০৬০.১৫.০০৮.২০-৭০।—খুলনা সড়ক বিভাগাধীন খুলনা জেলার দাকোপ উপজেলার খুটাখালী (বাজুয়া)-মোংলা পোর্ট (বানিয়াশান্তা বাজার) সড়ক এর ২৮তম কিলোমিটারে নবনির্মিত লাউডাব ফেরিঘাট ব্যবহারকারী যানবাহন হতে টোল আদায়ের নিমিত্ত টোল নীতিমালা, ২০১৪ অনুযায়ী বিভিন্ন শ্রেণির যানবাহন চলাচলের জন্য নিম্নরূপভাবে টোল নির্ধারণ করা হলো :

ক্রমঃ	যানবাহনের নাম	যানবাহনের বর্ণনা	টোলের হার (টাকা)
ক	ট্রেইলার	কন্টেইনার/ভারী যন্ত্রপাতি/ভারী মালামাল/সরঞ্জাম পরিবহনে সক্ষম যান	৩১৫.০০
খ	হেভী ট্রাক	তিন বা ততোধিক এক্সেলবিশিষ্ট ট্রাক, কাভার্ড ট্রাক/ভ্যান, কন্টেইনারবাহী ট্রাক এবং অন্যান্য আর্টিকুলেটেড যানবাহন	২৫০.০০
গ	মিডিয়াম ট্রাক	দুই এক্সেলবিশিষ্ট রিজিড ট্রাক/বাণিজ্যিক কাজে ব্যবহৃত ট্রাক্টর এবং ট্রেইলার	১২৫.০০
ঘ	বড় বাস	চালক ব্যতীত ৩১ অথবা তদূর্ধ্ব আসনবিশিষ্ট মোটরযান	১১৫.০০
ঙ	মিনি ট্রাক	৩ টন পর্যন্ত পে-লোড ধারণে সক্ষম যানবাহন	৯৫.০০
চ	কৃষিকাজে ব্যবহৃত যান	পাওয়ার টিলার, ট্রাক্টর ইত্যাদি	৭৫.০০

(৪৫৯৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রমঃ	যানবাহনের নাম	যানবাহনের বর্ণনা	টোলের হার (টাকা)
ছ	মিনিবাস/ কোষ্টার	চালক ব্যতীত অনধিক ৩০ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৬৫.০০
জ	মাইক্রোবাস	চালক ব্যতীত অন্যান্য ৮ এবং অনধিক ১৫ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৫০.০০
ঝ	ফোর হুইল চালিত যানবাহন	পিক-আপ, কনভারশনকৃত জীপ, রেকার, ক্রেন ইত্যাদি	৫০.০০
ঞ	সিডান কার	ব্যক্তিগত এবং ভাড়ায় চালিত সকল সিডান কার	৩০.০০
ট	৩/৪ চাকার মোটরসাইকেল যান	অটো টেম্পো, সিএনজি অটোরিক্সা, অটোভ্যান, ব্যাটারী চালিত ৩/৪ চাকার যে কোনো ধরনের মোটরসাইকেল যান	১৫.০০
ঠ	মোটরসাইকেল	দুই চাকাবিশিষ্ট যন্ত্রচালিত যান	৫.০০
ড	রিক্সাভ্যান/রিক্সা/বাই সাইকেল/ঠেলা গাড়ী	মালামাল, যাত্রী পরিবহনে ব্যবহৃত রিক্সা ভ্যান/তিন চাকার যাত্রীবাহী সাইকেল রিক্সা/প্যাডেলযুক্ত দ্বিচক্রযান/পশু ও হাতে চালিত টানা/ঠেলাগাড়ী	৫.০০

০২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
টিনা পাল
সিনিয়র সহকারী সচিব।